আজকের কাগজ

তারিখ 29 DEC 1991
পৃষ্ঠা 8 কলাম ৬

71

# জানুয়ারির প্রথমেই ছাত্রলীগ (আ–অ) ঢা.বি. ক্যাম্পাসে কাজ শুরু করতে পারে

**কাগজ প্রতিবেদকঃ** আগামী ৪ জানুয়ারি প্রতিষ্ঠাবার্ষিকীকে কেন্দ্র করে আওয়ামী লীগ সমর্থক ছাত্রলীগ (আ–অ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ক্যাম্পাসে আবার তাদের কাজ শুরু করবে বলে জানা গেছে। ৪ জানুয়ারি ছাত্রলীগের ৪৩তম প্রতিষ্ঠা–বার্ষিকী। এ উপলক্ষে ছাত্রলীগের কর্মসূচির মূল অনুষ্ঠান হচ্ছে পুনর্মিলনী। এতে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা উপস্থিত থাকবেন বলে সংগঠনের একটি সূত্র জানিয়েছে। তবে পুনর্মিলনী অনুষ্ঠানের তারিখ এখনো ঘোষণা করা হয়নি। শেখ হাসিনা সিঙ্গাপুর থেকে দেশে ফিরে এলেই তার সাথে আলোচনা করে ঐ পুনর্মিলনী অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করা হবে বলে জানা গেছে। এই অনুষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলা অথবা টিএসসিতে করার পরিকল্পনা রয়েছে। ঐ অনুষ্ঠানের মধ্য দিয়েই ছাত্রলীগ (আ–অ) ক্যাম্পাসে তাদের কাজকর্ম শুরু করবে। অনুষ্ঠান ৬ বা ৭ ডিসেম্বর হতে পারে।

গতকল শনিবার ছাত্রলীগ (আ–অ) কেন্দ্রীয় সাধারণ সম্পাদক অসীম কুমার উকিলের সঙ্গে আলোচনাকালে তিনি জানিয়েছেন, "খুব শিগ্‌গিরই ক্যাম্পাসে আমরা আমাদের কার্যক্রম শুরু করবো। তবে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত দেবেন শেখ হাসিনা।" ক্যাম্পাসে যদি সন্ত্রাস হয়?– এ প্রশ্নের জবাবে তিনি বলেন, "আমরা তা প্রতিরোধ করবো।" তিনি বলেন, "কার্যক্রম স্থগিত রাখাকে অনেকে আমাদের দুর্বলতা বলে মনে করতে পারেন। আসলে তা নয়। ছাত্রলীগ (আ–অ) দেশের বৃহৎ ছাত্র সংগঠন। রাজধানী থেকে অজপাড়াগাঁ সর্বত্রই আমাদের সংগঠন রয়েছে।"

এদিকে দীর্ঘ ৫৩ দিন পর গত ২২ ডিসেম্বর থেকে ছাত্রলীগ (আ–অ) নেতারা কলাভবন মধুর ক্যান্টিন এলাকায় যাতায়াত শুরু করেছেন। কর্মীদের সঙ্গে আলাপ আলোচনা, যোগাযোগ চলছে বলে সংগঠনের সূত্রে জানা গেছে। তবে এখনো তারা কোনো মিছিল সমাবেশ করেনি।

উল্লেখ্য, গত ২৭ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল–ছাত্রলীগের (আ–অ) মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের পর গত ৩০ অক্টোবর আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ক্যাম্পাসে ছাত্রলীগের কার্যক্রম স্থগিত ঘোষণা করেন। ২৭ অক্টোবরের ঘটনায় চারজন বুলেটবিদ্ধ হয়ে মারা যায়।